দৈনিক
জনকণ্ঠ

25 JAN 2017
২৪ ... ৭

# মাদকমুক্ত সমাজ গড়ার আওয়াজ লাখো শিক্ষার্থীর কণ্ঠে

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রাজশাহী নগর ছাড়াও জেলার গ্রামাঞ্চলের রাস্তায় দাঁড়িয়ে সোচ্চার কণ্ঠে মাদকমুক্ত সমাজ চাইল লাখো শিক্ষার্থী। মঙ্গলবার সকাল ১০টা থেকে ঘণ্টাব্যাপী বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা রাস্তায় দাঁড়িয়ে মানববন্ধনে অংশ নেয়।

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধে গণসচেতনতা সৃষ্টি করতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর, জেলা প্রশাসন ও শিক্ষা অফিস এ মানববন্ধনের আয়োজন করে। মানববন্ধনে শিক্ষার্থী ছাড়াও শিক্ষক ও অভিভাবকরাও অংশ নেন।

## রাজশাহীজুড়ে মানববন্ধন

মঙ্গলবার সকালে মহানগরীসহ জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা রাস্তায় নেমে এসে মানববন্ধনে দাঁড়ায়। মহানগরীতে সাত কিলোমিটার মানববন্ধন করা হয়। ভদ্রা মোড়, তালাইমারী মোড় হয়ে কোর্ট এলাকা পর্যন্ত এ মানববন্ধন থেকে সোচ্চার কণ্ঠে মাদকমুক্ত সমাজের দাবি জানানো হয়।

মানববন্ধনের বিভিন্ন অংশে উপস্থিত ছিলেন- রাজশাহীর অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোহাম্মদ মুনির হোসেন, রাজশাহী মহানগর পুলিশের অতিরিক্ত কমিশনার সরদার তমিজউদ্দীন আহমেদ, মহাস্থান রেজিমেন্টের রেজিমেন্ট কমান্ডার কর্নেল কেএম ইমাম আহসান, রাজশাহী সিভিল সার্জন ডাঃ সঞ্জিত কামার সাহা, রাজশাহী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের অতিরিক্ত পরিচালক মজিবুর রহমান পাটওয়ারী।

এদিকে জেলার বাগমারায় মাদকবিরোধী মানববন্ধন, শোভাযাত্রা ও আলোচনা সভা কারা হয়েছে, যাতে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক ও প্রশাসনের কর্মকর্তারা অংশ নেন। সকালে উপজেলা সদরের ভবানীগঞ্জ কলেজের উদ্যোগে আয়োজিত কর্মসূচীতে অধ্যক্ষ হাতেম আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন- থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সেলিম হোসেন, ভবানীগঞ্জ পৌরসভার মেয়র আবদুল মালেক মণ্ডল, উপজেলা আ'লীগের যুগ্ম-সম্পাদক মাহাবুর রহমান ও সিরাজ উদ্দীন সুরুজ, জেলা পরিষদের সদস্য মাহমুদুর রহমান রেজা। বাগমারা পাইলট উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত আলোচন সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল জব্বার। মাদকবিরোধী বক্তব্য দেন- সহকারী প্রধান শিক্ষক দিলরোবা আফরোজ শিরিন, হালিমুজ্জামান মুকুল, বেলাল হোসেন প্রমুখ।

এছাড়া জেলার তানোর, গোদাগাড়ী, পবা, মোহনপুর, দুর্গাপুর, বাঘা, পুঠিয়া, চারঘাট এলাকার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে একই সঙ্গে মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়।